সাক্ষরতা বৃদ্ধিতে এলাকাবাসী সম্পৃক্তকরণের কৌশল

Save the Children

শিশুদের জন্য

WITH World Vision


AZERBAIJAN/Photo by Michael Bisceglie

সাক্ষরতা বৃদ্ধিতে এলাকাবাসী সম্পৃক্তকরণের কৌশল
সেভ দ্য চিলড্রেন (মূল পান্ডুলিপি উন্নয়ন অর্থায়নে ওয়ার্ল্ড ভিশন)
এ্যামি জো ডাউড, নেল ও'ডনেল, ছেস ওচোয়া এবং ইভলিনা বোরিসোভা

সেভ দ্য চিলড্রেন

সেভ দ্য চিলড্রেন একটি নেতৃত্বস্থানীয় আত্মনির্ভরশীল সংস্থা যা যুক্তরাষ্ট্রসহ পৃথিবীর বিভিন্ন দেশে শিশুর স্থায়ী পরিবর্তনের জন্য কাজ করে।

আরো অনুসন্ধানের জন্য, Savethechildren.org ২৯টি সেভ দ্য চিলড্রেন-এর সমন্বয়ে গঠিত আর্ন্তজাতিক সেভ দ্য চিলড্রেন ১২০টিরও বেশি দেশে শিশুর সুরক্ষা ও উন্নয়নের জন্য কাজ করে।

ওয়ার্ল্ড ভিশন

ওয়ার্ল্ড ভিশন একটি খ্রিস্টান দাতব্য সংস্থা যেটি বিশ্বব্যাপি দারিদ্র্য ও বৈষাম্যের কারণ নিয়ে কাজ করে শিশু, পরিবার এবং এলাকাবাসীর পূর্ণ সম্ভাবনায় পৌছানোর জন্য নিবেদিত।

ওয়ার্ল্ড ভিশন প্রায় ১০০টি দেশে ১০ কোটির কাছাকাছি মানুষকে সেবা দিয়ে যাচ্ছে। ওয়ার্ল্ড ভিশন ধর্ম, বর্ণ, মতাবলম্বি ও লিঙ্গভেদে সকল মানুষকে সেবা প্রদান করে। আরো অনুসন্ধানের জন্য, WorldVision.org

কপিরাইট © Save the Children US 2010
ISBN: 978-984-33-4580-6
সকল ছবি সেভ দ্যা চিলড্রেন ইউএস থেকে নেয়া।
স্পন্সরশিপ অর্থায়নে ***শিশুদের জন্য*** মৌলিক শিক্ষা কর্মসূচির জন্য মুদ্রিত
বাংলা অনুবাদ ও সম্পাদনা: মোঃ মোয়াজ্জেম হোসেন
বাংলা প্রথম সংস্করণ: জানুয়ারি, ২০১২
প্রচ্ছদ: এল সালভেদর/ ছবিসূত্র: সেভ দ্য চিলড্রেন
অঙ্গসজ্জা: বেকি ওয়ারেন, থিংক ইন প্রিন্ট

মুদ্রণে: রিয়েল প্রিন্টিং এ্যান্ড এ্যাডভারটাইজিং
৮৬, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০

প্রেক্ষাপট:
আমাদের গ্রাম/এলাকাভিত্তিক কাজে আমরা শিশুকে বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ায় সহায়তা করতে চাই। আমরা জানি, শিশু তার মা-বাবা, পাড়া-প্রতিবেশি কিংবা নিজেরা নিজেরাই সহায়তার মাধ্যমে নানাভাবে পড়তে শেখে। এটা ধারণা করা হয় শুধুমাত্র সাক্ষর ব্যক্তিই অন্যের পড়ার দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করতে পারেন। আমরা বিশ্বাস করি এটি একটি সীমাবদ্ধ ধারণা। সাফল্যের সাথে পড়ার মধ্যে বলতে পারা, শোনা, কারো ভাষা বোঝা এবং বিভিন্ন শব্দ জানাও গুরুত্বপূর্ণ।

পড়তে পারেন না এমন মা-বাবা কিংবা পাড়া-প্রতিবেশিরাও দৈনন্দিন কথাবার্তা থেকে বিভিন্ন মজার উপায়ে শিশুদের দৈনন্দিন কথোপকথনের প্রয়োজনীয় অনুসঙ্গ শিখতে সহায়তা করতে পারেন। যেসব বেসরকারি প্রতিষ্ঠান ও এলাকার নেতৃত্বস্থানীয় ব্যক্তিবর্গ এই **ফ্লিপবুকটি** ব্যবহার করবেন তাঁরা এর সত্যতা যাচাই করতে পারেন। এটি আমাদের মৌখিক ভাষা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে এবং বিভিন্নভাবে আমাদের দৈনন্দিন জীবনকে আরো সমৃদ্ধশালী করতে পারে। সরাসরি যাঁরা শিশুকে পড়ায় সহায়তা করে এমন পেশার সাথে জড়িত মানুষকে এটি বিশেষ সহায়তা করে যেন তাঁরা শিশুকে নিয়মিতভাবে বেশি বেশি চিন্তা ও আলোচনায় অংশগ্রহণ করিয়ে আরো সাবলীলতার সাথে পড়ার কৌশল শেখানোয় সহায়তা করতে পারেন।

যাঁদের জন্য:
এটি মূলতঃ কর্মসূচি ব্যবস্থাপক, পাড়া/এলাকায় স্থানীয় জনসাধারণের যে সকল উন্নয়ন কর্মী সরাসরি কাজ করেন এবং এলাকার নেতৃত্বস্থানীয় ব্যক্তিবর্গ যাঁরা মা-বাবা, পাড়া/এলাকার বিভিন্ন ব্যক্তিবর্গ এবং শিশুদের নিয়ে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত এবং বিভিন্ন প্রকার প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনে জড়িত ব্যক্তিবর্গ।

ব্যবহার কৌশল :
এর কাজগুলো বেশ মজার এবং শিশু ও মা-বাবাকে ক্ষমতায়নের জন্য দারুণ উপযোগী এবং ব্যবস্থাপনাযোগ্য। সাক্ষরতা বৃদ্ধিতে বিভিন্ন আনন্দদায়ক পরিবেশে কাজ করার সুযোগ রয়েছে। অভীষ্ট জনগোষ্ঠীর জন্য বিষয়বস্তু (topic) অনুসারে মাসিক ভিত্তিতে এই বইটিকে একটি বর্ষপঞ্জিকার (calendar) সাথে তুলনা করে ব্যবহার করা যায়। এর প্রতিটি অধিবেশনে কিছু কর্মপোযোগী পদক্ষেপের কথা বলা হয়েছে যা প্রয়োগ করে মা-বাবা এবং শিশুরা অন্যের পড়ার দক্ষতা উন্নয়নে সহায়তা করতে পারে। প্রতিটি অধিবেশনের শিরোনাম থেকে মূল বক্তব্য/আলোচ্য বিষয়বস্তু হিসেবে নিয়ে আলোচনা করে প্রত্যেক মাসে অংশগ্রহণকারীরা কীভাবে এগুলো চর্চা মাস জুড়ে করতে পারেন সে বিষয়ে উৎসাহিত করা যায়। এটিকে সহজবোধ্য করে উপস্থাপনের জন্য কী কী উপকরণ প্রয়োজন হতে পারে, এর বিষয়বস্তু দৈনন্দিন জীবনের সাথে কী করে সমন্বয় করা যায় এবং এটি প্রতিপালনের মাধ্যমে কী সুফল বয়ে নিয়ে আসবে তা অধিবেশন পরিচালনার আগে গভীরভাবে চিন্তা করে প্রস্তুতি নিতে হবে। অংশগ্রহণকারীরা যেন পরবর্তী সভায় উপস্থিতির আগে পূর্ববর্তী সভার আলোচিত বিষয়বস্তু সম্পর্কে যত বেশি বার সম্ভব অনুশীলন করে আসতে পারেন ও যাতে প্রত্যেকে কিছু বিনিময়যোগ্য অভিজ্ঞতা নিয়ে আসতে পারেন।

সর্বাধিক গুরুত্বপূর্ণ: সভা শুরুর সময় পূর্ববর্তী সভায় আলোচিত বিষয়বস্তুর অভিজ্ঞতা দিয়ে শুরু করা এবং এগুলো প্রমাণাদি হিসেবে পরবর্তী প্রতিবেদনের জন্য সংগ্রহ করে রাখতে হবে।

এটিকে প্রতিষ্ঠিত করার জন্য পাড়া/এলাকাভিত্তিক পরিচালিত কর্মকাণ্ডে শিক্ষককে আমন্ত্রণ করা যেতে পারে অথবা তাঁকে অধিবেশন থেকে অভিজ্ঞতালব্ধ তথ্য পাঠানো যেতে পারে অথবা এগুলো মা-বাবার সাথে আলোচনা করা যেতে পারে। সভায় অংশগ্রহণকারী মা-বাবা এবং পাড়ার মানুষের সাক্ষরতার মাত্রা বুঝে এবং কাজের ক্ষেত্র অনুসারে আলোচনার বিষয়বস্তু নির্ধারণ করে নিতে হবে।

এই **ফ্লিপবুক** দুইটি অভীষ্ট জনগোষ্ঠীর লক্ষ্যে উন্নয়ন করা হয়েছে: মা-বাবা ও শিশু। এখানে সাক্ষর (যাঁরা পড়তে পারেন) এবং নিরক্ষর (যাঁরা পড়তে পারেন না) উভয় ধরনের মা-বাবার জন্যই বিষয়বস্তু নির্বাচন করা হয়েছে। অধিবেশন পরিচালনার আগে শুধুমাত্র সকল অধিবেশনের সংখ্যা ও এতে অংশগ্রহণকারীর অবস্থা বিবেচনা করে আয়োজনের ব্যবস্থা করতে হবে। এর মধ্যে সন্নিবেশিত অংশগুলো হলো:

- ✓ সকল মা-বাবার জন্য ১০ ধরনের ধারণা
- ✓ যে সকল মা-বাবা পড়তে পারেন তাঁদের জন্য ৬ ধরনের বিষয়বস্তু
- ✓ সকল শিশুর জন্য ৮ ধরনের বিষয়বস্তু
- ✓ যে সকল শিশু পড়তে পারে তাদের জন্য ৬ ধরনের বিষয়বস্তু

সেভ দ্য চিলড্রেন-এর উন্নয়ন করা লিটারেসি বুস্টের পাড়া/এলাকাভিত্তিক কর্মকাণ্ডের মধ্যে মা-বাবার জন্য আলোচ্য বিষয়বস্তুর উন্নয়ন বা পরিমার্জন এবং শিশুর জন্য নির্ধারিত বিষয়বস্তু রিডিং ক্যাম্পের স্বেচ্ছাসেবীর জন্য সংযোজন করা যেতে পারে কিংবা শিশু থেকে শিশু (child-to-child) অধিবেশনে সন্নিবেশ করা যায়।

এই ফ্লিপবুকটি ব্যবহারের মাধ্যমে বিভিন্নভাবে সুফল পাওয়া যেতে পারে। পাঠক ও ব্যবহারকারীর বিভিন্ন সুচিন্তিত মতামত, বিষয়বস্তু সম্পর্কিত ধারণা ও এটির যেকোনো উদ্ভাবনীমূলক ব্যবহারের মাধ্যমে পাওয়া বিশ্লেষনী মন্তব্য এটিকে আরো সমৃদ্ধশালী করতে পারে বলে আমাদের বিশ্বাস। অভিজ্ঞতা ও পেশাদারিত্বের ভিত্তিতে এর উন্নয়ন ধারাবাহিকতা বজায় থাকবে। মতামত ও প্রশ্নের জন্য যোগাযোগের ঠিকানা:
ADowd@savechildren.org
অথবা, COchoa@savechildren.org
অথবা, Moazzem.Hossain@savethechildren.org

শিশুর সাক্ষরতা অগ্রগতিতে এলাকাবাসীকে সম্পৃক্তকরণের উদ্যোগ হিসেবে প্রণীত এই **ফ্লিপবুকটি** প্রথম থেকে তৃতিয় শ্রেণিতে পড়ুয়া শিশু ও তাদের অভিভাবকের সাক্ষরতা সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য একটি বিশেষ সহায়ক উপকরণ। মানসম্মত শিক্ষা অর্জনে শিশুর পুণরাবৃত্তি, ঝরে পড়া এবং প্রাথমিক শিক্ষাস্তর চক্র সমাপ্তির হার বিশেষ প্রতিবন্ধকতা হিসেবে সূচিত হয়, যেগুলো সৃষ্টির একটি অন্যতম বড় কারণ হলো সাক্ষরতা অর্থাৎ, **পড়া-লেখা-হিসাব-নিকাশের দক্ষতা** অর্জনে পিছিয়ে থাকা। এটি সাক্ষরতা বৃদ্ধির সাথে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবক, বিভিন্ন সংস্থার কর্মী ও ব্যবস্থাপক ব্যবহার করতে পারেন। প্রাথমিক শিক্ষা সকল শিশুর মৌলিক অধিকার। কিন্তু সাক্ষরতা অর্জনে ঘাটতি থাকায় বাংলাদেশে ন্যূনতম প্রাথমিক শিক্ষার যোগ্যতা অর্জনের আগেই অনেক শিশু বিদ্যালয় থেকে ঝরে পড়ে। ফলে এই শিশুরা জীবনে কম সুযোগ-সুবিধা পায়। পরিণতি হিসেবে তারা বেশি আয় রোজগার করার সুযোগ থেকেও বঞ্চিত হয় এবং এদের পরিবারের শিশুদের জীবনে নেমে আসে দারিদ্রের বঞ্চনা।

সেভ দ্য চিলড্রেন বিশ্বাস করে প্রাথমিক শিক্ষার সফলতা নির্ভর করে সকলের সমান অংশগ্রহণের ওপর। এখানে সরকার, শিক্ষক, বিদ্যালয় ব্যাবস্থাপনা কমিটি, শিক্ষক-অভিভাবক সমিতি এমন কি শিশুদেরও দায়িত্ব রয়েছে। সাক্ষর কিংবা নিরক্ষর অভিভাবকেরা কীভাবে তাঁদের শিশুর সাক্ষরতা অর্জনে সহায়তা করতে পারেন, সেই লক্ষ্যে এই সহায়ক **ফ্লিপবুকটি** উন্নয়ন করা হয়েছে।

এতে সকল অভিভাবকের জন্য ১৬টি সাক্ষরতা উন্নয়নমূলক বার্তা রয়েছে যা ৮টি অধিবেশনে এবং শিশুদের জন্য ১৪টি বার্তা রয়েছে যা ৭টি অধিবেশনে বছরব্যাপি স্থানীয় জনসাধারনের কাছে উপস্থাপন করা হবে। একটি নতুন বছর শুরু করার জন্য তার পূর্ববর্তী বছরের শেষ মাসে এলাকাবাসীর সাথে আলোচনা সাপেক্ষে নির্ধারিত ছক (৯নং পৃষ্ঠায় সংযোজিত) অনুসরণ করে অধিবেশনের সময়সূচি ও অংশগ্রহণকারী নির্ধারণ করে নিতে হবে এবং সংস্থার সংশ্লিষ্ট কর্মীর কাছে প্রতিবেদন জমা দিতে হবে। এ অধিবেশনটি মূলত একটি পরিচিতিমূলক সভা এবং বছরব্যাপি কীভাবে ও কখন সভা পরিচালনা করা হবে তার একটি পরিকল্পনামূলক সভা।

প্রথম সংস্করণ হিসেবে এই সহায়িকাটির আরও উন্নয়নের সুযোগ আছে। সে কারণে এই সহায়িকার ব্যবহারকারী ও সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের মতামত লিপিবদ্ধ করে নির্ধারিত ব্যক্তির নিকট জানানো হলে এর সামগ্রিক উন্নয়ন করা সম্ভব।

ফ্লিপবুক ব্যবহার ও অধিবেশন পরিচালনার নির্দেশিকা

প্রধান স্বেচ্ছাসেবকগণ কীভাবে এই সহায়িকাটি ব্যবহার করবেন তার কিছু নির্দেশনা এখানে উল্লেখ করা হলো। নির্দেশিকাগুলো অনুসরণ করা বাঞ্ছনীয়:

- এই ফ্লিপবুকটি ব্যবহারের আগে এর বিষয়বস্তু ও মূল বার্তাগুলো সম্পর্কে ভালভাবে জেনে নিন এবং বিষয়ের সাথে সংগতিপূর্ণ উদাহরণ বাস্তব জীবনের অভিজ্ঞতা থেকে নিয়ে উপস্থাপন করুন।
- এখানকার বক্তব্যগুলো পড়ে সভা পরিচালনার আগেই ভালভাবে বুঝে নিন, তারপর নিজে নিজে চেষ্টা করুন কীভাবে ছবি দেখানোর সাথে সাথে কথা বলা যায়।
- ছবি দেখানোর সময় এটিকে অংশগ্রহণকারীদের দিকে মুখ করে ধরুন এবং লেখার দিকটি নিজের দিকে ধরুন যাতে তথ্যগুলো নির্ভুলভাবে বলতে ও ব্যাখ্যা করতে পারেন।
- যখন এটি ব্যবহার করবেন এটিকে আপনার বুকের বাম পাশে ধরুন এবং খেয়াল রাখুন আপনার মুখ ও চোখ যেন অংশগ্রহকারীদের কাছ থেকে ঢেকে না যায়। ডান হাতের সাহায্যে বক্তব্যের সহায়ক হিসেবে ব্যবহৃত ছবি একের পর এক দেখান, তবে প্রশ্নোত্তর বা আলোচনার সময় ফ্লিপবুকটি পাশে রাখুন।
- দাঁড়িয়ে বা বসে যেভাবেই ফ্লিপবুকটির ছবি উপস্থাপন করুন খেয়াল রাখবেন যাতে সকল দর্শক/অংশগ্রহণকারী এর ছবিগুলো ভালভাবে দেখতে পারেন। প্রয়োজনে শুরুতেই দূরবর্তী অংশগ্রহণকারীকে যাচাই করে নিতে হবে-তিনি ছবিটি দেখতে পারছেন কি না?

- একটি ছবি দেখিয়ে নিজে এটিকে ব্যাখ্যা না করে অংশগ্রহণকারীদের মতামত জানার জন্য বেশি বেশি উৎসাহিত করুন। খেয়াল রাখবেন আপনি এখানে শিক্ষক নয় বরং সহায়ক হিসেবে অংশগ্রহণকারীদের অভিজ্ঞতার আলোকে আলোচনায় বেশি বেশি উদ্বুদ্ধ করবেন। তবে অংশগ্রহণকারীদের কাছ থেকে কোনো সাড়া না এলে দীর্ঘ সময় নেয়ার প্রয়োজন নেই। যদি তারা ব্যাখ্যা করতে না পারেন তাহলে ধীরে ধীরে স্পষ্ট উচ্চারণে নিজেই বলুন।

- ছবির পেছনের লেখাগুলো আপনি নিজে দেখবেন ঠিকই কিন্তু আপনার লক্ষ্য যেন সব সময় শ্রোতাদের দিকে থাকে। অর্থাৎ লেখার দিকে সব সময় না তাকিয়ে থেকে শ্রোতাদের দিকে তাকিয়ে কথা বলতে হবে এবং মাঝে মাঝে লেখাগুলো দেখে নিতে হবে।

- সহজ ও স্থানীয় ভাষায় (ইংরেজি-বাংলা অথবা সাধু-চলিত না মিলিয়ে) কথা বলুন যাতে দর্শক-শ্রোতা সহজেই বুঝতে পারেন।

- গুরুত্বপূর্ণ কথাগুলো প্রয়োজনে পুনরাবৃত্তি করুন এবং অযথা আলোচনা দীর্ঘায়িত করবেন না।

- ছবি নিয়ে আলোচনার সময় অংশগ্রহণকারীদের নিজ জীবন থেকে সহজ কিছু প্রশ্ন করুন এবং উত্তর শুনুন।

- প্রতিটি অধিবেশনে এলাকার কিছু গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের (যারা আপনার কাজে ইতিবাচক সমর্থন আদায়ে সহযোগিতা করবেন। যেমন, এসএমসি-এর সভাপতি, প্রধান শিক্ষক, নির্বাচিত প্রতিনিধি) অংশগ্রহণ নিশ্চিত করুন যাতে এলাকাবাসীর কাছে আপনার পরিচালিত অধিবেশনের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়।

- এখানে যে তথ্য বা বার্তা সন্নিবেশিত হয়েছে সেগুলো কোনোভাবেই বিকৃত বা পরিবর্তন করা যাবে না। স্থান কাল পাত্রভেদে প্রক্রিয়ায় হয়তো কোনো পরিবর্তন আনা যেতে পারে।

- অধিবেশনগুলো একটির সাথে অন্যটি সম্পর্কিত। যদি কোনো মা-বাবা/অভিভাবক কোনো অধিবেশনে আসতে না পারেন পরবর্তী অধিবেশনের শুরুতেই পুনরালোচনা থেকে সেই বিষয়বস্তুগুলো সহজেই বুঝতে পারবেন। সতর্ক থাকতে হবে যাতে কোনো ভুল তথ্য দেওয়া না হয়।

- অংশগ্রহণকারীদের কেউ একদিন না আসলে পরের দিন তার উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং পর্যায়ক্রমে সকলের নিয়মিত উপস্থিতি সকল প্রতিবেশি অংশগ্রহণকারীকেই উদ্যোগ গ্রহণে নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রধান স্বেচ্ছাসেবক মূল সমন্বয়কারীর ভূমিকা পালন করবেন।

- অভিভাবকদের সাথে কথা বলার সময় তাদেরকে সম্মান দেখিয়ে সম্বোধন করতে হবে। তাঁদের সাথে কথা বলার সময় তাঁদের নামের সাথে .....আপা, ...ভাই কিংবা উপযুক্ত আত্মীয়তার সম্পর্ক ধরে ডাকতে হবে।

- অভিভাবকেরা যখন কথা বলেন তখন তাদের কথা মনোযোগ সহকারে শুনতে হবে এবং প্রয়োজন অনুসারে কিছু কিছু কথা সকল শ্রোতার বোঝার জন্য নিজের ভাষায় পুনঃব্যাখ্যা করতে হবে। তবে সকলে যেন কথা বলার একইরকম সময় পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

- অধিবেশন পরিচালনার সময় হাসিখুশি থাকবেন এবং অন্যদেরকে হাসিখুশি থাকার সুযোগ করে দিবেন।

আমাদের শিশুর সাক্ষরতা, আমাদের দায়িত্ব: একটি পরিচিতিমূলক ও বার্ষিক পরিকল্পনা সভা

বিদ্র: এই অধিবেশনে পরিচালনার সময় সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিত থাকার ব্যবস্থা করতে হবে।

অধিবেশনের উদ্দেশ্য:
এই অধিবেশনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ

- পঠন ক্যাম্পে ভর্তিকৃত শিশুদের মা-বাবার সাথে একে অপরে পরিচিত হবেন;
- শিশুর সাক্ষরতা অগ্রগতি সম্পর্কিত অধিবেশনগুলোর গুরুত্ব ও উদ্দেশ্য বুঝতে পারবেন;
- শিশুর সাক্ষরতা বৃদ্ধিতে নিজেদের করণীয় সম্পর্কে জেনে তা প্রয়োগ করতে পারবেন;
- শিশুর সাক্ষরতা অগ্রগতি অধিবেশনগুলো কোথায় এবং কখন অনুষ্ঠিত হবে তা বলতে পারবেন।

উপকরণ: পোষ্টার পেপারে বার্ষিক সভা পরিচালনার চার্ট, রেজিস্টার খাতা ও কলম।

প্রথম ধাপ: জড়তা মুক্ত করা *(১৫ মিনিট)*

- অংশগ্রহণকারীদের যখন সভার নির্ধারিত স্থানে আসতে শুরু করবেন তখন তাদের আন্তরিকভাবে স্বাগত জানান যেন তাঁরা স্বাচ্ছন্দ্য বোধ করেন।
- সবাইকে বসার জন্য আন্তরিকভাবে বলুন।
- সবার বসার পর প্রথম অধিবেশনে কিছু বক্তব্য দেওয়ার জন্য গ্রামের একজন বিশিষ্ট ব্যক্তিকে (যেমন, সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি সভাপতি, প্রধান শিক্ষক, এলাকার যে কোনো নির্বাচিত ইতিবাচক মনোভাবাপন্ন প্রতিনিধি) আমন্ত্রণ জানান। তাঁর বক্তব্য শেষ হলে তাঁকে ধন্যবাদ জানান।
- সেভ দ্য চিলড্রেন একটি অলাভজনক, অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী ও উন্নয়নমূলক আর্ন্তজাতিক সংস্থা। এর কার্যক্রম ০-১৮ বছর বয়সী শিশুর পূর্ণ সম্ভাবনায় শিখে সার্বিক বিকাশ বা উন্নয়নের জন্য। আমরা এখানে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিচালনা করছি এবং একই এলাকার হওয়ায় আমরা কোনো না কোনোভাবে সবাই পরিচিত। এ কথাগুলো বলে বলুন, আজ আমরা আবার নিজেদের মাঝে পরিচয় হব তবে একটু অন্যভাবে। অংশগ্রহণকারীকে জোড়ায় জোড়ায় বসিয়ে নিজেদের মধ্যে আলোচনা করতে বলুন ‘পড়ালেখা না জানলে আমাদের শিশুর কী কী সমস্যা হতে পারে’। আলোচনা শেষে জোড়ায় বসা দলের একজনকে আরেকজনের পরিচয় দিতে বলুন এবং দলে আলোচিত বিষয়বস্তু সকলের জন্য বলতে বলুন। এভাবে আনুষ্ঠানিকভাবে একে অপরের পরিচয় করিয়ে নিন।

দ্বিতীয় ধাপ: আজকের আলোচনার বিষয় (৩০ মিনিট)

আমন্ত্রিত বিশিষ্ট অতিথিকে নিচের বিষয়টি অধিবেশন পরিচালনার আগেই জানাতে হবে যাতে তিনি তাঁর বক্তব্যে নিচের বিষয়গুলো বলতে পারেন:

আমাদের আজকের আলোচনার বিষয় হচ্ছে **আমাদের শিশুর সাক্ষরতা (পড়ালেখা জানা), আমাদের দায়িত্ব**। আমরা আমাদের সন্তানদের পৃথিবির সবকিছুর চেয়ে বেশি ভালবাসি এবং সবাই তাদের পড়ালেখার সুযোগ করে দিয়ে সফল মানুষ হিসাবে গড়ে তুলতে চাই। শিক্ষা প্রত্যেক শিশুরই একটি অন্যতম অধিকার। মা-বাবা কিংবা অভিভাবক হিসেবে আমদের প্রথম দায়িত্ব হল আমাদের সন্তানদের উপযুক্ত যত্ন নেয়া। আমরা আমাদের সন্তানদের জন্য যা যা করি, সময়ের অভাবে আমরা সেগুলো নিয়ে পুনরায় চিন্তা করার সময় পাই না। কারণ, আমদের আয়মূলক কাজের (জীবিকা নির্বাহ) বিভিন্ন বিষয় নিয়ে ব্যস্ত থাকতে হয়। কিন্তু আমাদের শিশু সবচেয়ে সফল ও আদর্শ হয়ে বড় হোক তা কিন্তু আমরা সকলেই চাই। শিশুকে সফল করার জন্য আমরা যদি প্রতিদিন আমাদের শিশুদের পড়ালেখার উন্নয়নের জন্য কিছু সহযোগিতা করি বা ভাল কিছু করার চেষ্টা করি তাহলে হয়ত অমরা একসময় অবাক হয়ে দেখব এর ফলাফল কত চমৎকার!

তবে অনেক সময় আমরা বুঝি না কীভাবে এটি সঠিকভাবে করা যায়। এ উদ্দেশ্যকে সামনে রেখেই সেভ দ্যা চিলড্রেন এর সহায়তায় আমাদের এলাকারই সন্তান ——— ও ——— (পঠন ক্যাম্প ও প্রধান স্বেচ্ছাসেবকের নাম) ——— বিদ্যালয়ের ১ম থেকে ৩য় শ্রেণির শিশুদের সাক্ষরতা উন্নয়নে বিদ্যালয়ের বাইরে বাড়তি সাপ্তাহিক অধিবেশনের মাধ্যমে শিশুর পড়ালেখায় সহায়তার উদ্যোগ গ্রহণ করেছে। পাশপাশি, ঐ একই শিশুর মা-বাবা/অভিভাবক নিয়ে সভা পরিচালনার পরিকল্পনা রয়েছে যেখানে আমরা একে অন্যের কাছ থেকেও নতুন অনেক বিষয় শিখতে পারি। আমরা সবাই আমাদের শিশুদের ভাল-মন্দ নিয়ে ভাবি, কেউ কেউ হয়ত অন্যদের চেয়ে ভালভাবে ভাবতে পারেন, এগুলো ছাড়াও আমরা সকলেই আমাদের শিশুদের জন্য অনেক ভাল কাজ করি। শিশুর সাক্ষরতা অগ্রগতিতে এই অধিবেশনগুলোর উদ্দেশ্য হল শিশুকে পড়া-লেখায় সহায়তা করার সর্বোত্তম উপায়গুলো মা-বাবাদের খুঁজে পেতে সাহায্য করা। আমাদের নিজেদের শিশুর উন্নয়নের বা মঙ্গলের জন্য আমাদের নিয়মিত উপস্থিতিই এ আয়োজনকে সার্থক করে তুলতে পারে।

বিশিষ্ট ব্যক্তির বক্তব্যের পর প্রধান স্বেচ্ছাসেবক আলোচনা শুরু করুন:

আমাদের সংস্থা এই এলাকায় কাজের শুরুতেই বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শিশুদের মা-বাবা/অভিভাবক এবং এলাকাবাসীর সাথে প্রকল্পটির কর্মকাণ্ড সম্পর্কে আলোচনা করা হয়েছে। আমাদের প্রিয় এই বিদ্যালয়ের বিভিন্ন প্রতিবন্ধকতা নিয়েও আমরা আলোচনা করেছি। আজ আমরা আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করব যা শিশুদের বিকাশের ও লেখাপড়ার জন্য খুবই জরুরি এবং প্রয়োজন। আমাদের সন্তান বর্তমানে ——— (শূন্যস্থানে নাম উল্লেখ করুন) বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণিতে পড়ছে। কিন্তু সকলেই যথাসময়ে প্রাথমিক শিক্ষাস্তর সম্পন্ন করতে পারে না (১ম শ্রেণিতে ভর্তি হয় অনেক শিশু কিন্তু ৫ম শ্রেণি পাশ করে এর তিন/চার ভাগের এক ভাগ)। এর কারণগুলো হলো:

- শিশুরা তার পাঠ্যপুস্তক ঠিকমতো পড়তে পারেনা;
- দীর্ঘ সময় বিদ্যালয়ে অনুপস্থিত থাকে;
- বাড়িতে পড়ার পর্যাপ্ত পরিবেশ পায়না;
- পড়ালেখা বাদ দিয়ে হয় কাজে নিয়োজিত হয় কিংবা বাল্যবিবাহের শিকার হয়। ইত্যাদি

এবার অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, আপনারা কি বলতে পারবেন, "এ কারণগুলোর জন্য কে বা কারা দায়িত্ব নেবে?" তাঁদের কথা মন দিয়ে শুনুন। তারপর আবার জিজ্ঞেস করুন, "আমাদের শিশুদের লেখাপড়া এগিয়ে নেয়ার দায়িত্ব আসলে কার বা কাদের?"

অংশগ্রহণকারীদের কথা শেষ হলে পরের ধাপের আলোচনা শুরু করুন।

তৃতীয় ধাপ: বার্ষিক সভা পরিচালনার পরিকল্পনা (৩০ মিনিট) [এই অংশে বার্ষিক সভা পরিচালনার চার্ট ব্যবহার করুন]

বছরব্যাপি আমরা আমাদের শিশুদের পড়া-লেখাকে এগিয়ে নেয়ার বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা করতে চাই। যদিও আমাদের মধ্যে অনেকেই বিদ্যালয়ে পড়ার সুযোগ পাইনি তবুও আমরা আমাদের সন্তানদের লেখাপড়ার জন্য অনেক কিছু করতে পারি। কখনো কখনো সন্তানদের প্রতি মনোযোগ দিয়ে এবং তাদের সমস্যার কথা শুনে আমরা তাদের লেখাপড়া চালিয়ে নিতে পারি। তাহলে তারা বিদ্যালয় থেকে আর অকালে ঝরে পড়বে না এবং আমরা একটি সমৃদ্ধশালী জাতি গঠন করতে পারব।

আমরা শিশুদেরকে নিচের প্রশ্নগুলো করে তাদের প্রতি আমাদের আগ্রহ, গুরুত্ব ও ভালবাসা প্রকাশ করতে পারি। যেমন-

- আজ স্কুলে তুমি কী কী করেছ?
- তোমাকে কি কোনো বাড়ির কাজ দেওয়া হয়েছে?
- আজ তুমি স্কুলে কার কার সাথে খেলেছ?
- আর কী বিশেষ কিছু করেছ?
- আজ স্কুলে তোমার সবচেয়ে কী ভাল লেগেছে?
- এমন কিছু কি ছিল যেটা তোমার ভাল লাগেনি?

অথবা আমরা নিচের কাজগুলোও করতে পারি-

- যখন শিশুরা স্কুলের পড়া তৈরির জন্য বসে তখন আমরা তাদের কাছে বসতে পারি (যদি তারা চায়);
- প্রতি মাসে আমরা এলাকায় পরিচালিত শিশুর সাক্ষরতা অগ্রগতি বিষয়ক অভিভাবক সভায় অংশগ্রহণ করতে পারি
- এলাকায় পরিচালিত পঠন ক্যাম্পে শিশুর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে পারি এবং সেখানে শিশুদের গল্প শোনাতে পারি;
- সঠিক সময়ে শিশুদের স্কুলে পৌঁছানো নিশ্চিত করতে পারি;
- রাতে শিশুদের ভাল ঘুমানোর ব্যবস্থা করতে পারি।

পরবর্তী পৃষ্ঠায় উল্লেখিত ছকটি একটি পোস্টার পেপারে এঁকে অংশগ্রহণকারীদের সাথে আলোচনা সাপেক্ষে মাস ভিত্তিক সভা পরিচালনার সময় ও তারিখ নির্ধারণ করুন।

ছকটি অংশগ্রহণকারী অভিভাবকদের সাথে আলোচনা সাপেক্ষে পূরণ করে বার্ষিক পরিকল্পনা করতে হবে।

Save the Children

সাক্ষরতা অগ্রগতি কর্মকাণ্ড, মৌলিক শিক্ষা কর্মসূচি *শিশুদের জন্য*

বিদ্যালয়: ..... ইউনিয়ন: ..... মেহেরপুর সদর উপজেলা, মেহেরপুর

সাক্ষরতা বৃদ্ধিতে এলাকাবাসীকে সম্পৃক্তকরণ সভা পরিচালনার বাৎসরিক অধিবেশন পরিকল্পনা

মাসের নাম,	ক্যাম্প ১:_____		ক্যাম্প ২:_____		ক্যাম্প ৩:_____		ক্যাম্প ৪:_____		ক্যাম্প ৫:_____		ক্যাম্প ৬:_____	
তারিখ ও সময়	মা-বাবা	শিশু	মা-বাবা	শিশু	মা-বাবা	শিশু	মা-বাবা	শিশু	মা-বাবা	শিশু	মা-বাবা	শিশু
জানুয়ারি	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
ফেব্রুয়ারি	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
মার্চ	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
এপ্রিল	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
মে	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
জুন	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
জুলাই	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
আগষ্ট	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
সেপ্টেম্বর	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
অক্টোবর	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
নভেম্বর	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												
ডিসেম্বর	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___	পৃষ্ঠা ___ , ___
তারিখ ও সময় ⇒												

যাচাইকারী কর্মীর নাম :
পদবী :
স্বাক্ষর :
তারিখ :

যাচাইকারী কর্মীর তত্ত্বাবধায়কের নাম :
পদবী :
স্বাক্ষর :
তারিখ :

MOZAMBIQUE/Photo by Michael Bisceglie

সকল মা-বাবার জন্য

আলোচ্য বিষয়বস্তু

শিশুর প্রাক-শৈশব স্তর থেকেই সাক্ষরতা বৃদ্ধির ধাপ আরম্ভ হতে পারে। শিশুর পড়ার সামর্থ্যের ভিত মজবুত করার ক্ষেত্রে শিশুর ভাষা দক্ষতা বৃদ্ধির জন্য গৃহীত কাজগুলি শিশুর চারপাশের পরিচিত শব্দভাণ্ডার থেকে জ্ঞানভাণ্ডারে সঞ্চয়ের ক্ষেত্রে বিশেষ সহায়ক ভূমিকা পালন করে। এ পদক্ষেপগুলো শিশুকে ভাষা থেকে বাস্তব বিষয়বস্তুর সাথে সমন্বয় সাধনে সহায়তা করে, যেখান থেকে শিশুরা নিজস্ব ধারণার প্রতিফলন ঘটাতে পারে এবং লেখার ধারণা লাভ করে। পরবর্তী পৃষ্ঠাগুলোতে এমন কিছু কাজের ধারণা আছে যেগুলো সকল মা-বাবার জন্যই প্রযোজ্য। এর জন্য মা-বাবার সাক্ষরতা বা লেখাপড়া জানা অপরিহার্য নয়, এ কাজগুলো করে শিশুকে শেখানো ও ভালভাবে পড়তে পারায় সহায়তা করা যায়।

আপনার শিশুর সাথে কথা বলুন

MALAWI/Photo by Michael Bisceglie

আপনার শিশুর সাথে কথা বলুন

এই মাসে আপনার শিশুর সাথে কথা বলুন ও তার কথা শুনুন

যোগাযোগ দক্ষতা বৃদ্ধির জন্য এবং প্রারম্ভিক ভাষা বিকাশে শিশুর সাথে কথা বলা অত্যন্ত জরুরি। কম বয়সী শিশুদের কথা শুনলে তারা স্বাচ্ছন্দ্য বোধ করে এবং আবেগিকভাবে তাদের মা-বাবার সাথে বন্ধন আরো দৃঢ় হয়। মা-বাবার গলার স্বর/মুখের ভাষা/শব্দ নবজাতক শিশুকে শান্ত করে, তারা শব্দ ও উচ্চারণ অনুকরণ করে। শিশুকে এমন শব্দ ও উচ্চারণ বার বার বলায় উৎসাহিত করুন। শিশুরা যেহেতু ক্রমবিকাশমান প্রতিদিন তারা সারাদিন কী কী করবে তা বলে দিনের শুরু করুন এবং দিন শেষে তারা কী কী করতে পেরেছে তা পুনঃগণনা করে শুনুন। একটু বড় শিশুদের জিজ্ঞাসা করুন তাদের দিনটি কেমন কেটেছে। যেমন, সারাদিন এমন কী ঘটেছে যা আনন্দের ছিল; সারাদিন এমন কী ঘটেছে যা অসুবিধাজনক বা বেদনার ছিল?

আপনার শিশুকে কথা বলতে দিন।

সুফল:

- আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে।
- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- কৌতুহলি এবং কথোপকথনে অংশগ্রহণে উৎসাহিত করে।

জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন

NEPAL/Photo by Brent Stirton

VIETNAM/Photo by Michael Bisceglie

জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন

এই মাসে শিশুকে গল্প বলুন অথবা গল্প পড়ে শোনান। গল্পের মূল চরিত্র, ঘটনা ও জায়গাগুলো সম্পর্কে আলোচনা করুন। সম্ভব হলে এটি একাধিকবার করতে হবে।

আপনার শিশুকে সপ্তাহে কয়েকবার গল্প শোনানোর চেষ্টা করুন। এটিকে একটি অভ্যাসে পরিণত করুন - আপনার শিশুকে কোলে অথবা পাশে বসিয়ে গল্প বলুন এবং আপনার গলার স্বর অনুসরণ করতে বলুন। প্রাণীর চরিত্র আছে এমন গল্প নির্বাচন করুন এবং গল্প বলার সময় প্রাণী চরিত্রটির ডাক বোঝানোর জন্য প্রাণীটির ডাকের মতো শব্দ করুন। এতে শিশু প্রাণীর শব্দের সাথে প্রাণীটির সমন্বয় সাধন করতে পারবে। উদাহরণস্বরূপ, "কৃষক বাড়িতে এসে গরুকে খাবার দেয়, হাম্বা-হাম্বা"।

সকল বয়সী শিশুকে একই গল্প দুইবার শুনিয়ে তৃতিয়বারের বার শিশুর নিজেকে চেষ্টা করায় উৎসাহ দিতে হবে। সহজ গল্প দিয়ে শুরু করতে হবে যেন শিশু সহজেই মনে রাখতে পারে। গল্প বলার সময় গল্পের প্রথম, মাঝখানে এবং শেষে এমন কিছু বিশেষ দিক নির্দেশিত করতে হবে যাতে শিশু গল্পটি সহজে মনে রাখতে পারে এবং পুনরায় তা নিজে বলতে পারে।

সুফল:

- আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে।
- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করে।
- নিজ সংস্কৃতি সম্পর্কে ধারণা লাভ করে।

আপনার শিশুর মনের খাবার দিন

BOLIVIA/Photo by Michael Bisceglie

আপনার শিশুর মনের খাবার দিন

পরিবারের খাবার তৈরির সময় শিশুর পড়াকে এগিয়ে নিতে সাহায্য করুন। আপনার শিশুকে খাবার তৈরির সময় এর বিভিন্ন উপাদানের নাম, এগুলোকে গণনা করা, আকৃতি অনুসারে এগুলোকে সাজানো, এর আদ্যক্ষর ও উচ্চারণ, এর রং এবং আরো অন্যান্য বিষয়ের সাথে পরিচিত করান।

কোনো খাবার রান্না করার সময় আপনার শিশুকে সাথে নিন। তাকে বলুন আপনি কী করছেন। উদাহরণস্বরূপ, "আমি এখন সবজি ধুচ্ছি এরপর এগুলোকে একটি পাত্রে নিয়ে রান্না করব।" আপনার শিশুকে এর উপাদানগুলোর নাম বলুন, উদাহরণস্বরূপ, "আমাদের উঠানের বাগানে আমরা সিম চাষ করি এবং এটি রান্না করার জন্য বাজার থেকে তেল কিনে আনি।" এরপর এগুলোকে গণনা ও পরিমাপ (একটি সাধারণ ধারণা: যেমন, ৫০০ গ্রাম সিম, আধা কাপ তেল, লবন/হলুদ পরিমাণমত ইত্যাদি) করতে বলুন।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা, পরিমাপ শিখতে পারে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করে।
- স্থানীয় খাবার ও এগুলোর উৎস শিখতে পারে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।

সাক্ষরতার জন্য গান

NEPAL/Photo by Brent Stirton

সাক্ষরতার জন্য গান

সাক্ষরতার সামর্থ্য উন্নয়নের জন্য গান সহায়তা করে। গানে তাল, ছন্দ, লয় (পরিমাপ: যেমন, সুরের কতটুকু টান/দম থাকবে), এবং কিছু শব্দ থাকে যেগুলো শিশুর শেখার জন্য গুরুত্বপূর্ণ। এই মাসে আপনার এলাকায় শিশুর জন্য গান গেয়ে শোনানোর ব্যবস্থা করুন।

শিশু জন্মগ্রহণের পর থেকে তার প্রযত্নকারীর মুখে গান শুনতে পছন্দ করে এবং গান ও ছড়ার তাল ও ছন্দে তাদের আনন্দের অনুভূতি হয়। শিশুর দুই বছর বয়সে মাঝে মাঝে নিজে নিজে গান গাওয়ার চেষ্টা করে। যখন আপনি কোনো গানের পুনরাবৃত্তি করবেন, বাস্তব জীবনের বিষয়বস্তুর সাথে মিলিয়ে শিশুকে দেখাবেন অথবা এর ঘটনাগুলোকে অভিনয় করে দেখাবেন।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- সাংস্কৃতিক জ্ঞান লাভের সুযোগ ঘটে।
- এটি আনন্দের।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- শিশুর বর্ণ ও ধ্বনির সচেতনতা তৈরি হয় এবং এখান থেকে একত্রিত করার ধারণা ও শব্দ গঠনের সামর্থ্য লাভ করে।

জ্ঞান লাভের জন্য দোকান

BANGLADESH/Photo by Hasina Khatun

জ্ঞান লাভের জন্য দোকান

পরিবারের কেনাকাটা করার সময় শিশুর পড়া এগিয়ে নিতে সাহায্য করুন।

কোনো কিছু কেনাকাটার করার সময় আপনার শিশুকে সাথে নিন। তাকে বলুন আপনি দোকানে বা হাটে/বাজারে যাচ্ছেন, আপনি কী কিনতে চান, এবং কোনো কিছু কেনার জন্য আপনার কী লাগবে: বাজারে যাওয়ার জন্য আপনার ঝুড়ি/ব্যাগ/থলে লাগবে, টাকা লাগবে, ইত্যাদি। পরবর্তী সময়ে বাজারে যাওয়ার সময় আপনার শিশুকে জিজ্ঞাসা করুন কী কী নিতে হবে। আপনার শিশু যদি বলতে না পারে তবে তাকে বাজারের ঝুড়ি/ব্যাগ/থলে নিয়ে আসতে বলুন। এটি তাকে শব্দের সাথে বস্তুর মিল করতে সহায়তা করবে।

আপনার শিশু যখন বড় হচ্ছে তখন তাকে বাজার থেকে কী কী আনতে হবে তার তালিকা মনে রাখতে বলুন এবং বাজারে তাকে সাথে নিয়ে এগুলো মনে করিয়ে দিতে বলুন। বাজারে পৌঁছার পর শিশুকে তালিকার জিনিসগুলো দেখাতে বলুন যেগুলো সুনির্দিষ্ট শব্দ/ধ্বনি দিয়ে শুরু হয়েছে। অথবা তালিকার জিনিসগুলো দেখিয়ে এদের নাম বলতে বলুন এবং গণনা করতে বলুন, যেমন ফল!

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা, পরিমাপ শিখতে পারে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করে।
- স্থানীয় খাবার ও এগুলোর উৎস শিখতে পারে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।

MALAWI/Photo by Michael Bisceglie

TAJIKISTAN/Photo by Chris Martin

একত্রে কাজ করার সময় পড়া প্রস্তুতির অগ্রগতির উদ্যোগ নিন

একত্রে কাজ করার সময় পড়া প্রস্তুতির অগ্রগতির উদ্যোগ নিন

আপনার দৈনন্দিন কাজের সময় শিশুকে অপরিহার্য দক্ষতার বিষয়ে শিক্ষা দিন। একটি কাজ সম্পাদনের সময় কী ধারাবাহিকতা বা ধাপ অবলম্বন করতে হয় তা জিজ্ঞাসা করুন এবং কাজের সময় এ ধাপগুলো দেখাতে বলুন, এরপর শিশুকে পুণরায় বলতে বলুন।

উদাহরণস্বরুপ, "কাপড় কাচার সময় সর্বপ্রথম পানি প্রয়োজন, তারপর কাপড়ে সাবান দিই, এবং সবশেষে ধুয়ে ফেলি।" ছোট শিশুরা নতুন শব্দ শেখে মূলত বস্তু দেখে বা সরাসরি এর ব্যবহার দেখে। আপনি যদি কাপড় ধোয়ার কাজ করেন, শিশুকে পানি দিয়ে খেলার সুযোগ দিন (পানি ছিটিয়ে ভিজিয়ে দিন অথবা কাপড় কাচার মতো করুন) এবং শিশুকে বার বার বলতে থাকুন "এটি পানি"। একইসাথে শিশুও আপনার সাথে বলতে থাকবে। যেসব শিশু হাঁটতে পারে, গৃহস্থালি কাজ সম্পাদনের জন্য তাকে কিছু আনতে বলুন - যেমন, "দয়া করে আমার জন্য সাবান নিয়ে আসো" অথবা "দয়া করে এই খালি পাত্রটি রান্নাঘরে রেখে এসো", ইত্যাদি। একটু বড় হওয়া শিশুকে দুই বা তিন ধাপের কাজ মনে রেখে সম্পৃক্ত করুন- "বাসার ভেতরে যাও এবং কাপড় কাচার জন্য সাবানটি আমার কাছে আনো।" বড় শিশুরা সহজেই এ কাজগুলো একদিনে শিখতে পারে এবং তা আপনার জন্য করতে পারে।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।



শেখার জন্য ঘরে একটি জায়গার সুযোগ দিন

EL SALVADOR/ Photo by Michael Bisceglie

শিশুর শেখার জন্য ঘরে একটি জায়গার সুযোগ দিন

খেলার মাধ্যমে শেখা শিশুর শেখার একটি অন্যতম উপায়। এই মাসে আপনার শিশুকে ঘরে একটি নির্দিষ্ট পড়ার জায়গায় শেখার সুযোগ করে দিন, তাকে কিছু বাড়তি সময় দিন এবং তাকে কিছু সাধারণ সহজলভ্য ও পড়ার সাথে সম্পর্কিত সস্তা উপকরণ দিয়ে খেলার সুযোগ করে দিন।

ছোট শিশুরা সাধারণত তাদের নামের আদ্যক্ষর (প্রথম ধ্বনি বা উচ্চারন) মনে রাখে। নামের অক্ষরগুলো কেটে বাড়ির দেয়ালের বিভিন্ন অংশে আটকে দিন। এ অক্ষরগুলো দেখিয়ে তাদের নামটি বার বার বলুন। যে সকল শিশু ইতিমধ্যে তাদের নামের অক্ষরগুলো চেনে তাদের ভাই-বোনের নাম একই নিয়মে ব্যবহার করুন। আপনাদের ঠিকানা যেমন, গ্রাম-থানা-জেলা ইত্যাদির নামও একইভাবে ব্যবহার করতে পারেন। শিশুর সাথে বর্ণ চেনার খেলা খেলুন। যেমন, জিজ্ঞাসা করুন "ক বর্ণটি কোথায়?" এবং একই নিয়মে জিজ্ঞাসা করুন "এটি কী বর্ণ?"

একটু বড় হওয়া শিশুকে দিয়ে বোতলের মুখ অথবা ফেলে দেওয়া কাগজ সংগ্রহ করিয়ে এতে বিভিন্ন বর্ণ লিখতে হবে। যখন বর্ণমালাগুলো সম্পূর্ণ হবে তখন এগুলোর ক্রম অনুসারে সাজিয়ে এবং এগুলোকে ব্যবহার করে পরিচিত শব্দের বানান করে খেলার মাধ্যমে শিশুকে শেখানো যায়। একইভাবে আরো বর্ণের কার্ড তৈরি করে এলোমেলোভাবে সাজিয়ে একই নিয়মে খেলা যায়। একইভাবে শব্দের কার্ড তৈরি করে বাক্য গঠন করার খেলাও খেলা যায়। একইভাবে সংখ্যা বসিয়ে গণনা শেখায় সহায়তা করা যায়!

সুফল:

- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।
- বর্ণের জ্ঞান গঠিত হয়।
- সাক্ষরতা উপকরণ তৈরি করতে সহায়তা করে।

পড়া-লেখার চর্চা আছে এমন একটি দলে অংশগ্রহণের সুযোগ দিন
INDONESIA/Photo by Richard Lord

পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ দিন

আজই আপনার শিশুকে পঠন ক্যাম্পে ভর্তি করুন। আপনার বড় শিশুটি ক্যাম্পের নেতা হতে পারে এবং আপনার ছোট শিশুটি এখানে অংশগ্রহণ করে আনন্দ ও খেলার মাধ্যমে পড়া-লেখার দক্ষতা অর্জন করে এখান থেকে লাভবান হতে পারে।

সুফল:

- এটি আনন্দের।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- সাবলীল পাঠক হিসেবে বড় শিশুর আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ গড়ে ওঠে।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।
- বর্ণের জ্ঞান গঠিত হয়।

প্রতিবেশি শিশুর সাথে পড়া ভাগ করার সুযোগ দিন

MALAWI/ Photo by Michael Bisceglie

প্রতিবেশি শিশুর সাথে পড়া ভাগ করার সুযোগ দিন

শিশুর জন্য পড়ার গুরুত্বপূর্ণ দিক নিয়ে প্রতিবেশি অথবা বন্ধুর সাথে কথা বলুন। ছাপানো সামগ্রী বা বই প্রতিবেশির সাথে বিনিময় বা ভাগ করে পড়ুন।

যেখানে পড়ার সামগ্রীর স্বল্পতা আছে, সেখানে বাড়ি-বাড়ি এবং বাড়ি-পাড়ায় শুধুমাত্র এ সম্পদ ভাগাভাগিই হয়না বরং এটি একটি সর্বজন পঠিত গল্প নিয়ে আলোচনা করার সুযোগও সৃষ্টি করে। একটি বই একাধিক প্রতিবেশি বিনিময় করে পড়ুন, এটি নিয়ে আলোচনার জন্য একটি সময় নির্ধারণ করুন, অথবা এটি সবার জন্য উচ্চস্বরে একাধিকবার পড়ে শোনান।

সুফল:

- আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে।
- এটি আনন্দের।
- বড় পরিসরে এলাকার সাক্ষরতা অগ্রগতির আনন্দ ও সুবিধা ভাগাভাগির সুযোগ বৃদ্ধি করে।

সাক্ষরতা অনুষ্ঠান উদ্‌যাপন

MALAWI/ Photo by Michael Bisceglie

সাক্ষরতা অনুষ্ঠান উদ্‌যাপন

যখন আপনি কোনো অনুষ্ঠান উদ্‌যাপন করেন, পড়তে পারাকেও একইভাবে উদযাপন করুন। আপনার ছুটির দিনের কী কোনো বিশেষ গান, ছড়া বা লোকজ অনুষ্ঠান আছে যা আপনি ভাগাভাগি করে অংশগ্রহণ করতে পারেন? ছোট শিশুকে একইরকম সহজ ছড়া বা গান শেখান। বড় শিশু যারা লিখতে পারে তাদের এমন কিছু গান এবং লোকজ অনুষ্ঠান লিখে অনুশীলন বা বাড়িতে চর্চা করিয়ে অন্যের সাথে ভাগাভাগির সুযোগ দিন।

সুফল:

- সাংস্কৃতিক ধারণা ভাগাভাগির সুযোগ ঘটে।
- এটি আনন্দের।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।

VIETNAM/Photo by Michael Bisceglie

সাক্ষর মা-বাবার জন্য

আলোচ্য বিষয়বস্তু

পড়তে পারেন এমন যে কেউই শিশুর মৌলিক দক্ষতা বিকাশে বা শুরুর দিকে পড়া শেখায় সহায়তা করতে পারেন বা উৎসাহ দিতে পারেন এবং সে অনুযায়ী প্রয়োজনীয় কাজ করতে পারেন। যে সকল মা-বাবা শিশুর জন্য এবং শিশুর সাথে পড়েন তাঁরা শুধুমাত্র শিশুকে এই দক্ষতা চর্চায় সহায়তা নয় বরং দক্ষতাপূর্ণ পড়ার জন্য অনুকরণীয় আদর্শ হিসেবেও বিবেচিত হন; পড়া যে একটি গুরুত্বপূর্ণ বিষয় এ বার্তাটিও তাঁরা প্রতিষ্ঠিত করেন এবং এটি যে মজার ও আনন্দের সে বিষয়েও শিশুকে অনুপ্রাণিত করেন। এখানে এমন কিছু কাজের ধারণা আছে যেগুলো সাক্ষর মা-বাবা বাড়িতে শিশুর এই দক্ষতা বিস্তারে এবং পড়ার প্রতি ভালবাসা তৈরিতে সহায়তা করতে পারেন।

পড়ার উপকরণ উন্নয়ন

AFGHANISTAN/ Photo by Jeff Holt

পড়ার উপকরণ উন্নয়ন

এই মাসে আপনার শিশুর পড়ার উপকরণ তৈরির জন্য কিছু সময় ব্যয় করুন।

মনে রাখবেন ছোট শিশুরা বড় লেখা ও ছবি সম্বলিত সহজ ভাষায় লেখা বই পছন্দ করে। কাজেই, আপনার শিশুর জন্য এমন বই উন্নয়নের চেষ্টা শুরু করুন যেটি ৫-৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ, প্রত্যেক পৃষ্ঠায় একটি ছবি এবং কিছু শব্দ সম্বলিত লেখা থাকবে। বড় শিশুরা এমন বই লেখায় আপনাকে সহায়তা করতে পারে! অথবা, তারা তাদের নিজেদের অভিজ্ঞতা নিয়ে লেখা গল্পেরও লেখক হতে পারে।

সুফল:

- শিশুর পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- বেশি বেশি সাক্ষরতা উপকরণ উন্নয়নে সহায়তা করে।

রাতে ঘুমানোর আগে শিশুর জন্য পড়ার উপযুক্ত সময়

EL SALVADOR/Photo by Michael Bisceglie

AFGHANISTAN/Photo by Linda Cullen

রাতে ঘুমানোর আগে শিশুর জন্য পড়ার উপযুক্ত সময়

সারা মাস প্রতি রাতে আপনার শিশুর জন্য পড়ুন। আপনি এবং আপনার শিশু উভয়েই এই সময়টিকে উপভোগ করতে পারবেন।

জন্মগ্রহণের শুরু থেকেই শিশুরা মা অথবা বাবার গলার স্বর শুনতে পছন্দ করে এবং রাতে ঘুমানোর আগে গল্প শুনতে পছন্দ করে যার একটি ইতিবাচক ও মনকে প্রশান্তি দেওয়ার মতো ফলাফল রয়েছে। ছোট শিশুরা গল্পের ভেতরের বিষয়বস্তু বুঝতে না পারলেও কোন গল্পের আওয়াজ কেমন তা শিখতে পারে। শিশুরা যখন ধীরে ধীরে বড় হয় তখন তাদের বইয়ের পাতা ওল্টানো শেখায় সহায়তা করতে হয়, আরো শেখাতে হয় কোনটি বইয়ের সামনের অংশ ও কোনটি বইয়ের পেছনের অংশ এবং গল্পটি কোন দিকে/নির্দেশনায় পড়লে সঠিকভাবে পড়া যায়। বড় শিশুরা বড়দের পড়বার সময় বইয়ের পাতায় দেওয়া আঙ্গুলটি অনুসরণ করতে পারে এবং বড়দের মতো পড়ার চেষ্টা করে।

সুফল:

- আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে।
- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে, পড়ার গতি বৃদ্ধি করে।
- এটি আনন্দের।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।

বর্ণমালাঃ পড়ার প্রথম ভিত

ETHIOPIA/Photo by Michael Bisceglie

MALAWI/Photo by Michael Bisceglie

বর্ণমালা: পড়ার প্রথম ভিত

এই মাসে বর্ণমালার বর্ণগুলোর আনন্দ উদ্‌যাপন করুন। প্রতিদিনের জন্য ভিন্ন ভিন্ন বর্ণ নির্ধারণ করুন। বাড়িতে যে কোনো একটি কেন্দ্রীয় স্থানে (যেখানে শিশুর যাতায়াত বেশি) একটি কাগজে ঐ দিনের বর্ণটি লিখে আটকিয়ে দিন অথবা চক বা পাটখড়ি দিয়ে দেয়ালে লিখে রাখুন।

বিভিন্ন বর্ণ সংগ্রহ করুন ও ঘর সাজিয়ে রাখুন যেন তা প্রতিদিন দেখা যায়। শিশুকে আরো বেশি শেখানোয় সহায়তার জন্য এতে সংখ্যাও যোগ করুন। শিশুকে বর্ণ লেখাতেও সহায়তা করুন-যেমন, বালি/মাটির উপর, শিশু বিকাশের ধাপ অনুসারে দেয়ালে বা কাগজের উপর। শিশু বিকাশের ধাপ অনুসারে আঠার মাসের শুরু থেকে দুই বছরের মধ্যেই শিশু একে একে বর্ণগুলো চিনতে শেখে যদি তাকে সঠিকভাবে সহায়তা করা যায়।

সুফল:

- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- বর্ণজ্ঞান ও বানানের দক্ষতা গঠন হয়।
- বর্ণ ও ধ্বনি সচেতনতা গঠন হয় এবং এগুলোকে মিশিয়ে ও যুক্ত করে ছোট শব্দ গঠনের সামর্থ্য লাভ করে।

বাড়িতে সাক্ষরতা চর্চা

BANGLADESH/Photo by Hasina Khatun

বাড়িতে সাক্ষরতা চর্চা

বিভিন্ন প্যাকেটজাত খাবারের উপর এর পরিচিতির বর্ণনামূলক ছাপানো কাগজ বা লেবেল থাকে। এই মাসে মনোযোগ দিতে হবে এরকম কিছু দেখে শিশু কী বলে এবং কী গণনা করে। শিশুকে জোরে পড়তে বলুন।

ছোট শিশুরা পড়া বা লেখা শেখার আগেই বর্ণ চিনতে পারে এবং ছবি ও ছাপানো লেখার পার্থক্য বুঝতে পারে। আপনি আপনার শিশুকে ছাপানো বিষয়বস্তু শেখানোর জন্য বিভিন্ন প্যাকেটের লেবেলের ছবি ও লেখা কেটে এগুলো চেনায় সহায়তা করতে পারেন, এরপর এগুলোকে ছাপা লেখা ও ছবি দু'টি পৃথক করতে বলতে পারেন।

আপনার বড় শিশুর জন্য শিশুর সাথে একসাথে লেবেলটি পড়ুন ও এটি নিয়ে আলোচনা করুন যে এতে কী বলা হয়েছে। একটি নির্দিষ্ট বর্ণ দিয়ে শুরু হয় এমন শব্দ আপনার শিশুকে জিজ্ঞাসা করুন অথবা লেখায় কোনো ছন্দের শব্দ থাকলে কী তা জানতে চান। লেবেলে কী সংখ্যা আছে তা গণনা করতে বলুন।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা এবং পরিমাপের ধারণা দেয়।
- স্থানীয় খাবার ও এর উৎস সম্পর্কে জানতে সহায়তা করে।
- দৈনন্দিন জীবনে পড়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- শিশুর বর্ণ ও ধ্বনি সচেতনতা গঠিত হয়, এবং এগুলো মিশিয়ে বা যোগ করে শব্দ গঠন শেখে।

দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান

JORDAN/Photo by Simon Photography

দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান

শিশুর সাথে থাকা অবস্থায় কোনো দেয়াল লিখন বা প্রতীক দেখলে একে বর্ণনা করতে বলুন। এটি কী বর্ণ নাকি ভিন্ন ভিন্ন আকৃতি? এগুলোর রং কী? এগুলো যা বুঝাতে চায় তা কী পড়া যায়? আপনার সাথে যে বা যিনি সহচর/সহযাত্রী হবেন তার জন্য এটি পড়ুন।

আপনি যখন আপনার শিশুর সাথে স্থানীয় রাস্তা দিয়ে হেঁটে যান তখন কী এরকম আরো দেয়াল লিখন বা প্রতীক বা কোনো বিজ্ঞপ্তি চোখে পড়ে? এ মাসে প্রতিদিন এরকম আরো কিছু লেখা খুঁজে বের করুন এবং মাসের প্রতিদিন এগুলো আপনার শিশুর জন্য পড়ুন।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা এবং পরিমাপের ধারণা দেয়।
- দৈনন্দিন জীবনে পড়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।

একজন পরামর্শদাতা হন

VIETNAM/Photo by Michael Bisceglie

একজন পরামর্শদাতা হন

ছোট কিংবা বড় উভয়ের জন্যই পড়ুন।

আপনার পড়ার দক্ষতা অন্যের সাথে ভাগাভাগি করুন যেন আপনার পড়ার দক্ষতার আরো উন্নয়ন ঘটে এবং আপনার পাঠের শ্রোতাকে একজন শ্রেষ্ঠ পাঠকের পড়া শুনবার সুযোগ দিন। একটি বই নিন এবং এটি পড়ে ও আলোচনা করে ভাগাভাগি করুন। দেখবেন এটি কীভাবে আপনার বন্ধুত্বের গভীরতা এগিয়ে নিতে সহায়তা করে। চেষ্টা করুন এবং ফলাফল নিজের চোখেই দেখুন।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে ও পাঠে সাবলীল করে।
- এটি আনন্দের।
- ছোট শিশুকে পড়ার আনন্দ এবং গুরুত্ব অনুসরণ করার সুযোগ দেয়।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।

AFGHANISTAN/Photo by Jeff Holt

সকল শিশুর জন্য

আলোচ্য বিষয়বস্তু

শিশুরা সব সময় একে অন্যের কাছে শেখে। বিভিন্ন অভিনয় ও খেলা, সাধারণ কথোপকথন, গল্প বলা অথবা গান ও নাচ - যেগুলো শিশুরা নিজেদের মধ্যে করে এমন সবকিছুই শিশুর ভাষা বিকাশ ও শেখার জন্য অমূল্য সম্পদ। শিশুর ভাষা বিকাশ ও শেখার পরিবেশ তৈরির জন্য এমন সব ধারণা পরবর্তী পৃষ্ঠাগুলোতে শিশুর প্রতিদিনের কাজ হিসেবে আলোচনা করা হয়েছে। যে সকল কর্মী বা এলাকার স্বেচ্ছাসেবী সরাসরি শিশুর সাথে কাজ করেন তাঁরা সাক্ষরতা বৃদ্ধির জন্য এ কাজ সৃষ্টিশীল উপায়ে ও আনন্দঘন পরিবেশে প্রয়োগ করতে পারেন।

BANGLADESH/Photo by Michael Bisceglie

জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা

এই মাসে ছোট ভাই-বোন বা অন্য শিশুর জন্য গল্প বলা বা পড়ে শোনাবার উদ্যেগ নাও। এরপর গল্পের চরিত্র ও ঘটনা নিয়ে আলোচনা কর। প্রয়োজনে পছন্দ অনুযায়ী এটিকে অভিনয় করে দেখাও। যদি পারো একাধিকবার কর।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে ও পাঠে সাবলীল করে।
- এটি আনন্দের।
- সাবলীল পাঠক হিসেবে বড় শিশুর আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ গঠন করে।
- ছোট শিশুকে পড়ার আনন্দ এবং গুরুত্ব অনুসরণ করার সুযোগ দেয়।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।

সাক্ষরতার জন্য গান

SUDAN/Photo by Caroline Irby

সাক্ষরতার জন্য গান

সাক্ষরতার সামর্থ্য উন্নয়নের জন্য গান সহায়তা করে। গানে তাল, ছন্দ, লয় (পরিমাপ: যেমন, সুরের কতটুকু টান/দম থাকবে), এবং এমন কিছু শব্দ থাকে যেগুলো তোমাদের শেখার জন্য গুরুত্বপূর্ণ। এই মাসে তুমি যেখানে থাকো সেখানকার অন্যান্য শিশুর জন্য গান গেয়ে শোনানোর ব্যবস্থা কর।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- সাংস্কৃতিক জ্ঞান ভাগাভাগির সুযোগ ঘটে।
- এটি আনন্দের।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- শিশুর বর্ণ ও ধ্বনির সচেতনতা তৈরি হয়, এবং এখান থেকে একত্রিত করার ধারণা ও শব্দ গঠনের সামর্থ্য লাভ করে।

একটি নামে কী আছে?

BANGLADESH/Photo by M.A Quddus Miah

একটি নামে কী আছে?

তোমার নামের মতো একই রকম শেষ ধ্বনি আছে (যেমন, তোমার নাম 'আবু' হলে আরেকটি একই ধ্বনির শব্দ হবে 'বাবু') এমন একটি শব্দ তোমার বন্ধুকে চিন্তা করতে বল। এ রকম নামের ছন্দ একে একে চিন্তা করে বের কর - দেখবে এটি একটি খেলায় পরিণত হবে! নামের ছন্দ বের করতে গিয়ে এমন অনেক মজার শব্দ তৈরি হবে যেগুলো নিয়ে তোমরা হাসি-তামাশা ও আনন্দ করতে পারো।

সুফল:

- এটি আনন্দের।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- শিশুর বর্ণ ও ধ্বনির সচেতনতা তৈরি হয়, এবং এখান থেকে একত্রিত করার ধারণা ও শব্দ গঠনের সামর্থ্য লাভ করে।

শব্দ দল গঠনে মনোযোগ দাও

ARMENIA/Photo by Rick D'Elia

শব্দ দল গঠনে মনোযোগ দাও

বন্ধুদের সাথে শব্দের খেলা তোমাকে দ্রুত চিন্তা করার চর্চায় সাহায্য করবে এবং যে শব্দগুলো তুমি জানো ও বুঝতে পারো সেগুলোর শব্দভাণ্ডার গঠতে সহায়তা করবে।

একটি মনোযোগের খেলা (তোমরা সবাই বলতে পারো.....) চেষ্টা করতে পারো! তালে তালে তালি ও নিজের পায়ে থাপড় দিয়ে শব্দ বলার সময় আঙ্গুল দিয়ে চুটকি ফুটাও। একই ছন্দে বিভিন্ন ধরনের শব্দ বেছে নাও - উদাহরণস্বরূপ, ব্যক্তির নাম, ফুল, ফল, প্রাণী, দেশ, সবজি ইত্যাদির নাম নির্বাচন করতে পারো। শব্দের এই খেলাটি উপভোগ কর!

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণ/পার্থক্য করার দক্ষতা বৃদ্ধি করে।
- এটি আনন্দের।

প্রশ্ন করার মাধ্যমে কথা বলো
AFGHANISTAN/Photo by Jeff Holt

প্রশ্ন করার মাধ্যমে কথা বলো

এই মাসে প্রতিদিন একটি প্রশ্ন দিয়ে দিন শুরু কর। তুমি যেগুলোর উত্তর সবসময় জানতে চাও এমন প্রশ্ন তোমার মা, বাবা অথবা শিক্ষককে জিজ্ঞাসা কর। এই মাসে তুমি কতবার কী, কেন, কেমন করে, কে, কোথায় ব্যবহার করে প্রশ্ন জিজ্ঞাসা করতে পেরেছ তা গণনা কর।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- কৌতুহলি হতে ও সংলাপে উৎসাহিত করে।

পরিবারও একটি শেখার জায়গা

GUATEMALA/Photo by Ntongi McFadyen

MALAWI/Photo by Michael Bisceglie

পরিবারও একটি শেখার জায়গা

তোমার পরিবারের কাছে তোমার পূর্ববর্তী বংশধরদের (পারিবারিক বৃক্ষ) পরিচয় জানতে চাও। তোমার নিকট আত্মীয় কারা, তোমার মা-বাবার বাবা-মা-তাঁদের বাবা-মা, চাচাত-মামাত-খালাত-ফুপাত ভাই-বোন কে কে? তোমার একই এলাকায় কোন কোন আত্মীয় বসবাস করে? বাকিরা কোথায় থাকে? এগুলো খুঁজে বের কর।

সুফল:

- আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে।
- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- কৌতুহলি হতে ও সংলাপে উৎসাহিত করে।

BANGLADESH/Photo by Hasina Khatun

কোথায় বেড়াতে গিয়েছ?

তুমি কী কখনও কোথাও বেড়াতে গিয়েছ? কীভাবে সেখানে গিয়েছিলে? এই মাসে তোমার বন্ধু ও পরিবারের সদস্যদের এ ধরনের বেড়াতে যাওয়া সম্পর্কিত বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা কর। এই বছর তারা এরকম কয়টি ভ্রমণ করেছে? কোনটি সবচেয়ে বেশি দূরত্বের ছিল?

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা, পরিমাপ শেখা যায়।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- কৌতুহলি হতে ও সংলাপে উৎসাহিত করে।

VIETNAM/Photo by Michael Bisceglie

তোমার নাম কী?

তোমার বন্ধু এবং প্রতিবেশিকে জিজ্ঞাসা কর তাদের নামের অর্থ কী। তাদের নাম কে দিয়েছে? কোন বর্ণ দিয়ে এটি শুরু হয়েছে? নামে আর কি কি বর্ণ আছে? কার নাম সবচেয়ে দীর্ঘ? কার সবচেয়ে ছোট নাম?

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা, পরিমাপ শেখা যায়।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।
- কৌতুহলি হতে ও সংলাপে উৎসাহিত করে।

ETHIOPIA/Photo by Michael Bisceglie

পড়তে পারা শিশুর জন্য

আলোচ্য বিষয়বস্তু

যে সকল শিশু পড়তে পারে তাদের এ দক্ষতা অনুশীলনের জন্য প্রচুর সুযোগ প্রয়োজন। একে অন্যের সাথে পড়া অনুশীলনের অভ্যাস গঠনের সবচেয়ে ভাল উপায় কী? যেসব শিশু পড়তে পারে তাদের এ সামর্থ্যের আরো উন্নয়নের জন্য এটি হতে পারে বড় শিশু ছোট শিশুর জন্য পড়ছে, কিংবা জোড়ায়-জোড়ায় পড়ে তা ভাগাভাগি করছে।

অন্যের কাছে গুরুত্বপূর্ণ/বীর হতে চাও:
আজই ছোট শিশুর পড়ার সাথী হয়ে যাও

HONDURAS/Photo by Michael Bisceglie

অন্যের কাছে গুরুত্বপূর্ণ/বীর হতে চাও: আজই ছোট শিশুর পড়ার সাথী হয়ে যাও

বড় পড়ুয়া শিশু একজন ছোট শিশুর সাথে পড়ার দক্ষতা ভাগাভাগি করতে হলে তাকে পড়ার সাথী করে নিতে হবে। প্রতি সপ্তাহে একত্রে একটি বই পড়ার নির্দিষ্ট সময় ঠিক করে নাও।

একজন ছোট শিশুকে বই ধরায় এবং সঠিক নিয়মে এর পৃষ্ঠা উল্টানোয় সহায়তা কর। শিশুর যদি একটি সম্পূর্ণ গল্প শুনবার আগ্রহ না থাকে, তবে বইটির ছবিগুলো পরিচিতি করাও এবং এগুলো নিয়ে কথা বল। উদাহরণস্বরুপ, বল, "এটি একটি গরু যা ঘাস খাচ্ছে।" শিশুকে বইয়ের সাথে পরিচয় করিয়ে এর ছবি দেখাও এবং নতুন শব্দ শিখতে সহায়তা কর। যেসব শিশু নতুন পড়তে শিখছে তাদের জন্য পড়বার সময় প্রতি পৃষ্ঠার শব্দগুলোতে আঙ্গুল দিয়ে পড়, পর্যায়ক্রমে তাকেও পড়তে বল এবং প্রয়োজন অনুসারে সহায়তা কর।

সুফল:

- এটি আনন্দের।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- সাবলীল পাঠক হিসেবে বড় শিশুর আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ গড়ে ওঠে।
- পড়ার গুরুত্ব ও আনন্দ ছোট শিশুর জন্য অনুসরণীয় হয়।
- বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস গঠন হয়।

BANGLADESH/Photo by M.A Quddus Miah

তোমার নামের অক্ষরগুলো দিয়ে আর কী কী শব্দ হয়?

তোমার নামের অক্ষরগুলো দিয়ে তুমি কী নতুন শব্দ তৈরি করতে পারো! উদাহরণস্বরুপ, বাংলা একটি নাম 'ইয়াসমিন' থেকে বর্ণগুলোকে নিয়ে যদি পৃথক পৃথক বানানে সাজানো হয় তাহলে হতে পারে ইয়াস, মিন, মন, সমান, ইস, ইয়াসিন, সয়া, নই, মাইন ইত্যাদি। একইভাবে ইংরেজী 'Samantha' নামের বর্ণগুলোকে যদি ভিন্ন বানানে সাজানো হয় তাহলে হতে পারে man, ant, than, mat, sat ইত্যাদি। এভাবে তোমার বন্ধুদের নাম দিয়ে চেষ্টা কর, দেখ কার নামের মধ্যে সবচেয়ে বেশি শব্দ লুকিয়ে আছে।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- এটি আনন্দের।
- বর্ণজ্ঞান ও বানানের দক্ষতা গঠন করে।

বাড়ির সাক্ষরতা চর্চা

BANGLADESH/Photo by Hasina Khatun

বাড়ির সাক্ষরতা চর্চা

বিভিন্ন প্যাকেটজাত খাবারের উপর এর পরিচিতির বর্ণনামূলক ছাপানো কাগজ বা লেবেল থাকে। এই মাসে মনোযোগ দাও এগুলোতে কী বলা হয়েছে। এগুলো জোরে পড়। তোমার বন্ধুর জন্যও পড়। অন্য শিশুর জন্যও এগুলো পড়। এতে কী বিষয়বস্তু আছে তা বল?

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা এবং পরিমাপের ধারণা দেয়।
- স্থানীয় খাবার ও এর উৎস সম্পর্কে জানতে সহায়তা করে।
- দৈনন্দিন জীবনে পড়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।
- একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়।

যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়

BANGLADESH/Photo by Michael Bisceglie

AFGHANISTAN/Photo by Jeff Holt

যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়

এ মাসে তোমার বন্ধু বা বিদ্যালয়ের গ্রন্থাগার (মিনি লাইব্রেরি) বা তোমার এলাকায় সঞ্চিত বই (রিডিং ক্যাম্পের বুক ব্যাংক) থেকে বই ধার নিয়ে তা তোমার বন্ধু, প্রতিবেশি, ভাই-বোন, মা-বাবা বা যেকোনো শিশুর জন্য পড়। তুমি ক'জনার জন্য পড়তে পারো? গল্পে কতগুলো চরিত্র আছে? তোমার কোনটি সবচেয়ে ভাল লেগেছে?

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- এটি আনন্দের।
- সাক্ষরতার আনন্দ ও সুফল বড় পরিসরে এলাকায় ভাগাভাগি করার সুযোগ লাভ করে।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।

দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য সহায়ক

BANGLADESH/Photo by Hasina Khatun

দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য সহায়ক

রাস্তায় চলতে গিয়ে কোনো দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক দেখলে একে বর্ণনা কর! এটি কী বিভিন্ন বর্ণ, সংখ্যা অথবা আকৃতি দিয়ে তৈরি করা হয়েছে? এগুলোর রং কী? এগুলো যা বুঝাতে চায় তা কী পড়া যায়? তোমার সহপাঠী/সহচর/সহযাত্রী এমন কারো জন্য এটি পড়।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- আকার, আকৃতি, সংখ্যা এবং পরিমাপের ধারণা দেয়।
- দৈনন্দিন জীবনে পড়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে।
- শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে।

একটি ছড়া মুখস্ত কর

TAJIKISTAN/Photo by Chris Martin

JORDAN/Photo by Carl Triplehorn

একটি ছড়া মুখস্ত কর

তোমার শিক্ষককে তোমাকে মুখস্ত করার জন্য একটি ছড়া দিতে বল। মাসের প্রথম সপ্তাহ এটি শেখার জন্য ব্যয় কর, এবং পরবর্তী তিন সপ্তাহ এটি তোমার বন্ধু, পরিবার ও প্রতিবেশির সাথে এটি ভাগাভাগি করে পড় ও অভিনয় কর।

সুফল:

- শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে।
- স্মরণশক্তি ও বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করে।
- সাক্ষরতার আনন্দ ও সুফল বড় পরিসরে এলাকায় ভাগাভাগি করার সুযোগ লাভ করে।

সূচিপত্র

সকল মা-বাবার জন্য

আপনার শিশুর সাথে কথা বলুন ১৩
জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন ১৫
আপনার শিশুর মনের খাবার দিন ১৭
সাক্ষরতার জন্য গান ১৯
জ্ঞান লাভের জন্য দোকান ২১
একত্রে কাজ করার সময় পড়া প্রস্তুতির অগ্রগতির উদ্যোগ নিন ২৩
শিশুর শেখার জন্য ঘরে একটি জায়গার সুযোগ দিন ২৫
পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহনের সুযোগ দিন ২৭
প্রতিবেশি শিশুর সাথে পড়া ভাগ করার সুযোগ দিন ২৯
সাক্ষরতা অনুষ্ঠান উদ্‌যাপন ৩১

সাক্ষর মা-বাবার জন্য

পড়ার উপকরণ উন্নয়ন ৩৫
রাতে ঘুমানোর আগে শিশুর জন্য পড়ার উপযুক্ত সময় ৩৭
বর্ণমালা: পড়ার প্রথম ভিত ৩৯
বাড়িতে সাক্ষরতা চর্চা ৪১
দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান ৪৩
একজন পরামর্শদাতা হন ৪৫

সকল শিশুর জন্য

জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা ৪৯
সাক্ষরতার জন্য গান ৫১
একটি নামে কী আছে ৫৩
শব্দ দল গঠনে মনোযোগ দাও ৫৫
প্রশ্ন করার মাধ্যমে কথা বলো ৫৭
পরিবারও একটি শেখার জায়গা ৫৯
কোথায় বেড়াতে গিয়েছে ৬১
তোমার নাম কী ৬৩

পড়তে পারা শিশুর জন্য

অন্যের কাছে গুরুত্বপূর্ণ/বীর হতে চাও: আজই ছোট শিশুর পড়ার সাথী হয়ে যাও ৬৭
তোমার নামের অক্ষরগুলো দিয়ে আর কী কী শব্দ হয় ৬৯
বাড়ির সাক্ষরতা চর্চা ৭১
যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড় ৭৩
দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য সহায়কা ৭৫
একটি ছড়া মুখস্ত কর ৭৭

সুফল অনুযায়ী কাজের সূচি

শিশুকে পড়ার দক্ষতা চর্চায় সহায়তা করে

কাজের নাম	পৃষ্ঠা
শিশুর শেখার জন্য ঘরে একটি কর্ণারের সুযোগ	২৫
পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ দিন	২৭
পড়ার উপকরণ উন্নয়ন	৩৫
রাতে ঘুমানোর আগে পড়ার উপযুক্ত সময়	৩৭
বর্ণমালা: পড়ার প্রথম ভিত	৩৯
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
অন্যের কাছে গুরুত্বপূর্ণ ..... পড়ার সাথী	৬৭
বাড়ির সাক্ষরতা চর্চা	৭১
যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়	৭৩
দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য	৭৫

সাবলীল পাঠক হিসেবে বড় শিশুর আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ গঠন

কাজের নাম	পৃষ্ঠা
পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ দিন	২৭
জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা	৪৯
অন্যের কাছে গুরুত্বপূর্ণ ..... পড়ার সাথী	৬৭

পড়ার গুরুত্ব ও আনন্দ ছোট শিশুর জন্য অনুসরণীয় করা

কাজের নাম	পৃষ্ঠা
একজন পরামর্শদাতা	৪৫
জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা	৪৯
অন্যের কাছে গুরুত্বপূর্ণ ..... পড়ার সাথী	৬৭

বিদ্যালয়ের বাইরেও শিশুর পড়ার অভ্যাস পঠন

কাজের নাম	পৃষ্ঠা
শিশুর শেখার জন্য ঘরে একটি কর্ণারের সুযোগ	২৫
পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ দিন	২৭
রাতে ঘুমানোর আগে পড়ার উপযুক্ত সময়	৩৭
একজন পরামর্শদাতা	৪৫
জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা	৪৯
অন্যের কাছে গুরুত্বপূর্ণ .... পড়ার সাথী	৬৭

একটি পরিচিত পরিবেশ থেকে শেখার পরিবেশ তৈরি হয়

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর মনের খাবার দিন	১৭
সাক্ষরতার জন্য গান	১৯
জ্ঞান লাভের জন্য দোকান	২১
একত্রে কাজের সময় পড়া প্রস্তুতির উদ্যোগ	২৩
সাক্ষরতা অনুষ্ঠান উদযাপন	৩১
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান	৪৩
সাক্ষরতার জন্য গান	৫১
একটি নামে কী আছে	৫৩
পরিবারও একটি শেখার জায়গা	৫৯
কোথায় বেড়াতে গিয়েছ	৬১
তোমার নাম কী	৬৩
বাড়ির সাক্ষরতা চর্চা	৭১

বর্ণজ্ঞান ও বানানের দক্ষতা পঠন করে

কাজের নাম	পৃষ্ঠা
শিশুর শেখার জন্য ঘরে একটি কর্ণারের সুযোগ	২৫
পড়া-লেখা হয় এমন একটি দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ দিন	২৭
বর্ণমালা: পড়ার প্রথম ভিত	৩৯
নামের অক্ষরগুলো দিয়ে আর কী কী শব্দ হয়	৬৯

কৌতুহলি হতে ও সংলাপে অংশগ্রহণে উৎসাহ প্রদান

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর সাথে কথা বলুন	১৩
প্রশ্ন করার মাধ্যমে কথা বলা	৫৭
পরিবারও একটি শেখার জায়গা	৫৯
কোথায় বেড়াতে গিয়েছ	৬১
তোমার নাম কী	৬৩

শিশুর বর্ণ ও ধ্বনির সচেতনতা তৈরি এবং এখান থেকে একত্রিত করার ধারণা ও শব্দ পঠনের সামর্থ্য লাভ

কাজের নাম	পৃষ্ঠা
সাক্ষরতার জন্য গান	১৯
বর্ণমালা: পড়ার প্রথম ভিত	৩৯
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
সাক্ষরতার জন্য গান	৫১
একটি নামে কী আছে	৫৩

পড়ার উপকরণ উন্নয়ন

কাজের নাম	পৃষ্ঠা
পড়ার উপকরণ উন্নয়ন	৩৫
বর্ণমালা: পড়ার প্রথম ভিত	৩৯

আত্মবিশ্বাস গঠন করে, মনকে শান্ত করে, বন্ধন দৃঢ় করে এবং নিরাপত্তা অনুভূতি সৃষ্টি করে

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর সাথে কথা বলুন	১৩
জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন	১৫
প্রতিবেশি শিশুর সাথে পড়া ভাগ করার সুযোগ	২৯
রাতে ঘুমানোর আগে পড়ার উপযুক্ত সময়	৩৭
পরিবারও একটি শেখার জায়গা	৫৯

শব্দভাণ্ডার গঠন করে, পাঠে সাবলীল করে এবং নিজেকে প্রকাশের আত্মবিশ্বাস গঠন করে

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর সাথে কথা বলুন	১৩
জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন	১৫
আপনার শিশুর মনের খাবার দিন	১৭
সাক্ষরতার জন্য গান	১৯
জ্ঞান লাভের জন্য দোকান	২১
একত্রে কাজের সময় পড়া প্রস্তুতির উদ্যোগ	২৩
রাতে ঘুমানোর আগে পড়ার উপযুক্ত সময়	৩৭
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান	৪৩
একজন পরামর্শদাতা	৪৫
জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা	৪৯
সাক্ষরতার জন্য গান	৫১
শব্দ দল গঠনে মনোযোগ	৫৫
প্রশ্ন করার মাধ্যমে কথা বলা	৫৭
পরিবারও একটি শেখার জায়গা	৫৯
কোথায় বেড়াতে গিয়েছ	৬১
তোমার নাম কি	৬৩
নামের অক্ষরগুলো দিয়ে আর কী কী শব্দ হয়	৬৯
বাড়ির সাক্ষরতা চর্চা	৪১
যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়	৭৩
দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য	৭৫
একটি ছড়া মুখস্ত কর	৭৭

আকার, আকৃতি, সংখ্যা এবং পরিমাপের ধারণা

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর মনের খাবার দিন	১৭
জ্ঞান লাভের জন্য দোকান	২১
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান	৪৩
কোথায় বেড়াতে গিয়েছ	৬১
তোমার নাম কি	৬৩
বাড়ির সাক্ষরতা চর্চা	৭১
দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য	৭৫

স্মরণশক্তি ও বিশ্লেষণী/পার্থক্য করার দক্ষতা বৃদ্ধি করে

কাজের নাম	পৃষ্ঠা
জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন	১৫
আপনার শিশুর মনের খাবার দিন	১৭
জ্ঞান লাভের জন্য দোকান	২১
একত্রে কাজের সময় পড়া প্রস্তুতির উদ্যোগ	২৩
শব্দ দল গঠনে মনোযোগ	৫৫
একটি ছড়া মুখস্ত করা	৭৭

সাংস্কৃতিক জ্ঞান ভাগাভাগির সুযোগ ঘটে

কাজের নাম	পৃষ্ঠা
জ্ঞান ও সংস্কৃতি বিনিময়ের জন্য গল্প বলুন	১৫
সাক্ষরতার জন্য গান	১৯
সাক্ষরতা অনুষ্ঠান উদযাপন	৩১
সাক্ষরতার জন্য গান	৫১

স্থানীয় খাবার ও এর উৎস জানা

কাজের নাম	পৃষ্ঠা
আপনার শিশুর মনের খাবার দিন	১৭
জ্ঞান লাভের জন্য দোকান	২১
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
বাড়ির সাক্ষরতা চর্চা	৭১

এটি আনন্দের!

কাজের নাম	পৃষ্ঠা
সাক্ষরতার জন্য গান	১৯
পঠন দলে শিশুকে অংশগ্রহণের সুযোগ	২৭
প্রতিবেশি শিশুর সাথে পড়া ভঅগ করার সুযোগ	২৯
সাক্ষরতা অনুষ্ঠান উদযাপন	৩১
রাতে ঘুমানোর আগে পড়ার উপযুক্ত সময়	৩৭
একজন পরামর্শদাতা	৪৫
জ্ঞান ও সংস্কৃতি ভাগাভাগির জন্য গল্প বলা	৪৯
সাক্ষরতার জন্য গান	৫১
একটি নামে কী আছে	৫৩
শব্দ দল গঠনে মনোযোগ	৫৫
অন্যের কাছে গুরুত্বপূর্ণ .... পড়ার সাথী	৬৭
নামের অক্ষরগুলো দিয়ে আর কী কী শব্দ হয়	৬৯
যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়	৭৩

বড় পরিসরে এলাকার সাক্ষরতা অগ্রগতির আনন্দ ও সুবিধা ভাগাভাগির সুযোগ বৃদ্ধি করে

কাজের নাম	পৃষ্ঠা
প্রতিবেশি শিশুর সাথে পড়া ভাগ করার সুযোগ	২৯
যদি একটি বই পাও, তা ভাগাভাগি করে পড়	৭৩
একটি ছড়া মুখস্ত কর	৭৭

দৈনন্দিন জীবনে পড়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে

কাজের নাম	পৃষ্ঠা
বাড়িতে সাক্ষরতা চর্চা	৪১
দেয়াল লিখন বা প্রতীক সাক্ষরতার দিকে ধাবমান	৪৩
বাড়ির সাক্ষরতা চর্চা	৭১
দেয়াল লিখন/বিজ্ঞপ্তি/প্রতীক সাক্ষরতার জন্য	৭৫

আসুন সবাই একত্রে সাক্ষরতাকে এগিয়ে নিয়ে যাই। সাক্ষরতাই হোক আমাদের অঙ্গীকার।

এই বইটির সহজ-সরল ধাপগুলো অনুসরণ করে আমরা সকলে শিশুকে পড়া শেখায় এবং শেখার জন্য পড়ায় সহায়তা করতে পারি।



BANGLADESH/Photo by Michael Bisceglie